# ------------------------------------ LTD.

## ---------------------------------------------, GAZIPUR.

# ঘুষ ও দূর্নীতির ঝুঁকি সমূহ নিরুপন

| সেকশন | ঝুঁকিসমূহ | ঝুঁকির প্রভাব | ঝুঁকি প্রতিরোধ গৃহীত পদক্ষেপ |
|---|---|---|---|
| মার্কেটিং ও মার্চেন্ডাইজিং | ○ অতিরিক্ত কমিশন প্রদান করে কাজ নেওয়া | ○ কোম্পানীর লভ্যাংশ কমে যায়। | ○ মধ্যসত্ত্ব ভোগীদের কাছ থেকে কাজ না নিয়ে সরাসরি ক্রেতাদের নিকট হতে কাজ গ্রহন করার জন্য সর্বাত্মক চেষ্টা করা উচিত। বিশেষ ক্ষেত্রে মধ্যসত্ত্বভোগীদের কাজ গ্রহন করার ক্ষেত্রে উর্দ্ধতন কর্তৃপক্ষের যথাযথ অনুমোদন গ্রহন করতে হবে। |
| | ○ সুতা, লেবেল, প্রিন্ট, কার্টুন, পলি, এমব্রয়ডারীসহ বিভিন্ন সরবরাহকারীদের কাজ প্রদান করার ক্ষেত্রে ঝুঁকি থাকে | ○ অবৈধ অর্থ বা উপহার গ্রহনের আশায় মান সম্মত সরবরাহকারী নির্ধারণ না করলে উৎপাদিত পণ্যের গুনগত মান আশানুরূপ হতে নাও পারে এবং পন্যের জাহাজীকরণে সমস্যা হতে পারে। | ○ ক্রয় কমিটির মাধ্যমে এবং অনুমোদিত সরবরাহকারীর নিকট হতে পণ্য ক্রয় করার নির্দেশ প্রদান করা হয়েছে।<br>নতুন সরবরাহকারী নির্ধারণ করার পূর্বে সক্ষমতা ও পণ্যের গুনগত মান যাচাই করতে হবে। |
| মালামাল ক্রয় শাখা | ○ বাজার মূল্যের চেয়ে বেশি দামে পণ্য ক্রয় করা। | ○ কোম্পানী আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা থাকে। | ○ ক্রয় কমিটির বাজার যাচাই সাপেক্ষে মান সম্পন্ন পন্য যথোপযুক্ত মূল্যে ক্রয় করবে। |
| | ○ নিম্ন মানের পণ্য ক্রয় করা | ○ নিম্নমানের পণ্য ক্রয় করার ফলে ক্রেতার চাহিদা মতো পণ্য উৎপাদন করা সম্ভব নাও হতে পারে। ফলে ক্রেতা কার্যাদেশ কমিয়ে দিতে বা বন্ধ করে দিতে পারে। | ○ ক্রয় কমিটি ক্রেতার সন্তুষ্টি অর্জনের জন্য ক্রেতার চাহিদা মোতাবেক গুনগত মান সম্পন্ন পন্য ক্রয় করতে হবে। |
| | পণ্য ক্রয়ে আর্থিক লেনদেন হতে পারে। | কোম্পানীর সুনাম ও কোম্পানী আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা থাকে। | ক্রয় কমিটির বাজার যাচাই সাপেক্ষে মান সম্পন্ন পন্য যথোপযুক্ত মূল্যে ক্রয় করবে। |

# ঘুষ ও দূর্নীতির ঝুঁকি সমূহ নিরুপন

| | | | |
|---|---|---|---|
| স্টোর সেকশন | সরবরাহকৃত নিম্নমানের ও পরিমানের চেয়ে কম পণ্য গ্রহন করা। | কোম্পানী আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা থাকে। | ক্রেতার চাহিদামতো পণ্য স্যাম্পল বা নমুনা অনুসাবে সরবরাহ হয়েছে কিনা তা নিশ্চিত হয়ে পণ্য গ্রহন করতে হবে। |
| | সরবরাহকারীর নিকট হতে অবৈধ আর্থিক সুবিধা গ্রহন করা | কোম্পানীর সুনাম ও নিম্নমানের পণ্য ক্রয় করার ফলে ক্রেতার চাহিদা মতো পণ্য উৎপাদন করা সম্ভব নাও হতে পারে। ফলে ক্রেতা কার্যাদেশ কমিয়ে দিতে বা বন্ধ করে দিতে পারে। | সরবরাহকারীর নিকট হতে যাতে কোনভাবে আর্থিক সুবিধা কোম্পানীর কেউ যাতে গ্রহন করতে না পারে সেজন্য পণ্য গ্রহন করার নির্দিষ্ট নীতিমালা অনুসরন করতে হবে। |
| | অবৈধ সুবিধার আশায় মান সম্পন্ন পণ্যের সমস্যা দেখিয়ে ইচ্ছাকৃতভাবে পণ্য রিজেক্ট দেখানো। | কোম্পানীর সুনাম নষ্ট হওয়ার পাশাপাশি যথাসময়ে চাহিদামতো পণ্য সরবরাহ করতে ব্যর্থ হলে উৎপাদন কার্যক্রম ক্ষতিগ্রস্থ হবে। | সরবরাহকৃত পণ্যের ক্রেতা ও আন্তর্জাতিক মান অনুযায়ী পণ্য রিজেক্ট নীতিমালা অনুসরন করে সরবরাহকৃত পণ্য রিজেক্ট বা বাতিল বলে বিবেচনা করতে হবে। সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক অনাপত্তি থাকলে উপযুক্ত প্রমানসহ পেশ করতে হবে। |
| হিসাব বিভাগ | সরবরাহকারীদের বিল আটক রেখে অবৈধ সুবিধা আদায়। | কোম্পানীর সুনাম ও সরবরাহকারীদের সাথে ব্যবসায়িক সম্পর্কের অবনতি হওয়ার আশঙ্কা থাকে। | সরবরাকারীদের বিল প্রদানের ক্ষেত্রে কোম্পানীর নীতিমালা কঠোরভাবে অনুসরণ করতে হবে এবং প্রতিদিনের লেনদেনের হিসাব প্রতিদিন সম্পন্ন করতে হবে। |
| | কোম্পানীর টাকা ব্যক্তিগত কাজে ব্যবহার করা। | জরুরী প্রয়োজনে টাকার অভাবে কারখানার উৎপাদন কার্যক্রম বন্ধ হয়ে যেতে পারে। | যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত কোম্পানীর টাকা ব্যক্তিগত কাজে ব্যবহার করা যাবে না। |
| | শ্রমিকদের বেতনের সময় খুচরা টাকা প্রদান না করা। | শ্রমিক অসন্তোষ সৃষ্টি হতে পারে। | বেতন-ভাতা প্রদানের সময় ব্যাংক হতে পর্যাপ্ত টাকা সংগ্রহের চেষ্টা করতে হবে। এই বিষয়ে ব্যাংককে পূর্বেই অবগত করতে হবে। |
| | নিম্নমানের পণ্য তৈরি করা। | ক্রেতা কর্তৃক পণ্য গ্রহনে অস্বীকৃতি ও ক্রেতা কর্তৃক পণ্যের নতুন কার্যাদেশ না পাওয়া। | ক্রেতার চাহিদা মোতাবেক গুনগুত মান সম্পন্ন পন্য তৈরির ব্যাপারে প্রয়োজনীয় নির্দেশনা ও তদারকির জন্য কোয়ালিটি ও উৎপাদন বিভাগে বিভিন্ন পদস্থ কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। |
| | অতিরিক্ত কাঁচামাল অপচয় | কোম্পানী আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা থাকে। | প্রয়োজনীয় মালামাল গ্রহনের বেলায় কোম্পনী প্রদত্ত নীতিমালা অনুসরণ করে গ্রহন করতে হবে। অতিরিক্ত মালামালের প্রয়োজন পড়লে যথাযথভাবে ব্যাখ্যা প্রদান পূর্বক ও উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করে অতিরিক্ত মালামাল গ্রহন করতে |

# ঘুষ ও দূর্নীতির ঝুঁকি সমূহ নিরুপন

| | | | |
|---|---|---|---|
| উৎপাদন বিভাগ | | | হবে। |
| | অতিরিক্ত জনশক্তি নিয়োগ করা। | প্রয়োজনের অতিরিক্ত লোক নিয়োগের মাধ্যমে কাজ করালে কোম্পানী আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হয়। | প্রয়োজনীয় জনবল নিয়োগের ক্ষেত্রে যথাযথ নীতিমালা অনুসরণ করতে হবে। এছাড়াও জনশক্তি ও নিয়োগ প্রক্রিয়া যাচাই করার জন্য কারখানায় আই.ই (ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং) বিভাগের কর্মকর্তা নিয়োগ করতে হবে। |
| | শ্রমিকের দক্ষতা ও অদক্ষতা তদারকি না করা। | আশানুরূপ মানের পণ্য না পাওয়া এবং কোম্পানীর সময় ও অতিরিক্ত অর্থ ব্যয় হওয়া | শ্রমিকের দক্ষতা ও অদক্ষতা তদারকির জন্য কোয়ালিটি ও উৎপাদন বিভাগে বিভিন্ন পদস্থ কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। |
| | শ্রমিকদের সাথে অশোভন আচরন । | শ্রমিক অসন্তোষ ও উৎপাদন কার্যক্রম ব্যাহত হওয়। | কারখানার সকল পদস্থ কর্মকর্তাদের প্রতি বিশেষ নির্দেশনা প্রদান করা আছে যে কোন অবস্থাতেই অধীনস্থদের প্রতি অশোভন আচরণ করা যাবে না। |
| নিরাপত্তা বিভাগ | অবৈধ সুবিধার বিনিময়ে গেট পাশ ছাড়া মালামাল বাহিরে নিয়ে যেতে সাহায্য করা। | কোম্পানীর আর্থিক ক্ষতির সম্ভাবনা থাকে। | মানব সম্পদ ও প্রশাসন বিভাগকে নিরাপত্তা বিভাগকে তদারক ও পরিচালনা করার জন্য বিশেষভাবে নির্দেশ প্রদান করা হয়েছে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ছাড়া কোন মালামাল যেন কারখানার বাহিরে যেতে না পারে সেই বিষয়টি নিশ্চিত করতে হবে। |
| | ঝুঁট ভাঙ্গা কার্টন বা অন্যান্য অপ্রয়োজনীয় মালামলের সাথে ভাল মালামাল বের করে নিতে সাহায্য করা। | কোম্পানীর আর্থিক ক্ষতির সম্ভাবনা থাকে। | ঝুঁট, ভাঙ্গা কার্টন বা অন্যান্য অপ্রয়োজনীয় মালামল বিক্রি বা অন্য কোন উদ্দেশ্যে কারখানার বাহিওে বের করার প্রয়োজন হলে মানব সম্পদ ও প্রশাসন, স্টোর এবং নিরাপত্তা বিভাগ উভয়ের সমন্বয়ে গঠিত কমিটির উপস্থিতিতে তা সম্পন্ন করতে হবে। |
| | অবৈধ সুবিধা নিয়ে অপরিচিত লোকদের কারখানা অভ্যন্তরে প্রবেশ করতে দেওয়া | চুরি, ডাকাতি বা যে কোন প্রকার নাশকতামূলক কর্মকান্ড সংঘটিত হতে পারে। | নিরাপত্তা রক্ষীদের তদারক ও পরিচালনা করার জন্য প্রতি শিফটেই একজন কওে সুপারভাইজার নিয়োজিত থাকবে। সেই সাথে মানব সম্পদ ও প্রশাসন বিভাগ নিরাপত্তা রক্ষীদের বিভিন্ন রেজিস্টার (ভিজিটর, টহল, চালান, গাড়ী প্রবেশ-বাহির হওয়া ইত্যাদি) নিয়মিত পরীক্ষা করবে। |

## ঘুষ ও দূর্নীতির ঝুঁকি সমূহ নিরুপন

| | | | |
|---|---|---|---|
| | | | এছাড়াও কারখানার সর্বত্র সিসিটিভি স্থাপন করা আছে এবং উক্ত সিস্টেমের রেকর্ডিং ডাটা কমপক্ষে ৩০ দিনের জন্য সংরক্ষনের জন্য ব্যবস্থা আছে। ফলে কোন বিষয়ে সন্দেহ হলে রেকর্ডিং ডাটা পর্যবেক্ষনের সুবিধা আছে। |
| মানব সম্পদ, প্রশাসন ও কমপ্লায়েন্স বিভাগ | অবৈধ ও অনৈতিক সুবিধার বিনিময়ে চাকুরী প্রদান | যোগ্য প্রার্থী নির্বাচন করতে ব্যর্থতা ও কোম্পানীর সুনাম ক্ষুন্ন হওয়ার সম্ভাবনা। | নিয়োগ নীতিমালা অনসরণ করে নিয়োগ কমিটির মাধ্যমে যোগ্য প্রার্থী নির্বাচন করা। |
| | অবৈধ ও অনৈতিক সুবিধা বিনিময়ে পদন্নোতি, ছুটি কিংবা অনুপস্থিত শ্রমিক কর্মচারীকে হাজিরা প্রদান। | শ্রমিক অসন্তোষ দেখা দিতে পারে। | পদন্নোতি প্রদানের ক্ষেত্রে কর্মীদের দক্ষতাকে মূল্যায়ন করতে হবে এবং ছুটি বা হাজিরা প্রদানের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহীতার মাধ্যমে প্রদান করতে হবে। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও মানব সম্পদ প্রধানকে এই ব্যাপারে সজাগ থাকতে হবে। |

| | |
|---|---|
| **Prepared by: ------------------------------** | **Approved by:** |
| **------------------------------------ ( HR & Compliance)** | **Director-** |